

**REGIONAL NEWS UNIT**  
**ALL INDIA RADIO, AGARTALA**  
**Date : 14-01-2026**  
**Time : 07.35-07.40 AM Hrs**  
**BENGALI MORNING BULLETIN**

---

**PM, Vande Bharat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী গতকাল মালদা টাউন রেলস্টেশন থেকে হাওড়া এবং গুয়াহাটীর কামাখ্যার মধ্যে ভারতের প্রথম বন্দে ভারত স্লিপার ট্রেনের সূচনা করেছেন। এই ট্রেন যাত্রার মধ্যে দিয়ে উত্তর পূর্বাঞ্চলের যাত্রীদের ও সুবিধা হবে। মালদা টাউন রেল স্টেশনে বন্দেভারত স্লিপার ট্রেনের যাত্রার সূচনা করে প্রধানমন্ত্রী বলেছেন ...

#####Byte-PM#####

এই ট্রেনটিতে ১৬টি আধুনিক কোচ রয়েছে এবং মোট যাত্রী ধারণক্ষমতা ৮২৩। অনুষ্ঠানে রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণব বক্তব্য রাখেন।

\*\*\*\*\*

**Governor-Sepahijala :**

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু বলেছেন, ত্রিপুরেশ্বরী মন্দিরের পরিকাঠামোগত উন্নয়ন সহ রাজ্য পর্যটনের উন্নয়নে সরকার গৃহীত বিভিন্ন পরিকল্পনা বাস্তবায়ন ও যোগাযোগ ব্যবস্থার উন্নতির ফলে বিগত কয়েক বছর যাবৎ ত্রিপুরায় পর্যটকের সংখ্যা বৃদ্ধি পাচ্ছে। গতকাল সিপাহীজলা অভয়ারণ্য ও চিড়িয়াখানা পরিদর্শন শেষে একথা বলেন তিনি। তিনি চলচ্চিত্র নির্মাতাদের ত্রিপুরার প্রাকৃতিক সৌন্দর্যে ভরপুর পর্যটন কেন্দ্রগুলি কাজে লাগানোর আবেদন জানান। পর্যটন ক্ষেত্রে ত্রিপুরার ভবিষ্যৎ নিয়ে রাজ্যপাল আশা ব্যক্ত করেন। সিপাহীজলা

চিড়িয়াখানা পরিদর্শন করে সন্তোষ ব্যক্ত করেছেন রাজ্যপাল। পরিদর্শনকালে অন্যদের মধ্যে ছিলেন PCCF পি.আগরওয়াল, চিফ ওয়াইল্ডলাইফ ওয়ার্ডেন সি.মূর্তি, সিপাহীজলা জেলা প্রশাসনের আধিকারিকরা।

\*\*\*\*\*

### **Chief Minister :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা গতকাল মোহনপুরে মধুর্চৌধুরী পাড়া উচ্চ মাধ্যমিক স্কুলের নতুন ভবনের দ্বারোদঘাটন করেন। অনুষ্ঠানে তিনি বলেন, নতুন শিক্ষা নীতিতে ভারতের হারিয়ে যাওয়া শিক্ষা ব্যবস্থা ফিরিয়ে আনা হচ্ছে। তিনি জানান, রাজ্যে বিভিন্ন পরিকাঠামো উন্নয়নের জন্য বাজেটে প্রায় সাত হাজার কোটি টাকা বরাদ্দ রাখা হয়েছে। এই টাকা পরিকাঠামো উন্নয়নে সঠিকভাবে খরচ হচ্ছে কিনা তা দেখতে মনিটরিং বডি রাখা হয়েছে। মুখ্যমন্ত্রী বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সবকা সাথ, সবকা বিকাশ মন্ত্র-কে সামনে রেখে জাতি-জনজাতি সকল অংশের মানুষের একতার মাধ্যমেই গড়ে উঠবে নতুন ত্রিপুরা। উদ্বোধনী অনুষ্ঠানে বিদ্যুৎ মন্ত্রী রতনলাল নাথ বলেন, বর্তমান রাজ্য সরকার শিক্ষাব্যবস্থার সার্বিক উন্নয়নে বিশেষ গুরুত্ব আরোপ করেছে। মুখ্যমন্ত্রী অনুষ্ঠান থেকে ভারুয়ালভাবে গোপালনগর, বেড়িমুড়া এবং তারাপুর উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের নতুন ভবনের দ্বারোদঘাটন করেন। এই চারটি স্কুলের নতুন ভবন তৈরি করতে খরচ হয়েছে ২০ কোটি ৬৪ লক্ষ টাকা।

\*\*\*\*\*

### **Convocation NIT :**

NIT আগরতলার অষ্টাদশ সমাবর্তন অনুষ্ঠান গতকাল এনআইটি আগরতলার বিবেকানন্দ সেমিনার হলে অনুষ্ঠিত হয়। রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু সমাবর্তন অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। সমাবর্তন অনুষ্ঠানে

১১১১ জন ছাত্র ছাত্রীকে সাম্মানিক ডিগ্রি প্রদান করা হয়। রাজ্যপাল শিক্ষার্থীদের উদ্দেশ্যে বলেন, শিক্ষা কার্যক্রম শেষ হলেও জীবনের আসল পরীক্ষা এখনই শুরু হবে। জীবনের বাকি সময় তিনি ডিগ্রিপ্ৰাপ্তদের সমাজসেবা ও সামাজিক গবেষণার কাজে আত্মনিয়োগ করার পরামর্শ দেন। তিনি বলেন, বর্তমান সময় আধুনিক প্রযুক্তি ও কৃত্রিম বুদ্ধিমত্তার যুগ হলেও, এর পেছনে মানুষের মেধা ও দক্ষতা কাজ করে। তিনি ২০৪৭ সালের মধ্যে বিকশিত ভারত গড়ার কাজে ছাত্র ছাত্রীদের ভূমিকা নিতে বলেন। সমাবর্তন অনুষ্ঠানে এন.আই.টি আগরতলার অধিকর্তা ডঃ এস কে পাত্র তাঁর ভাষণে শিক্ষা প্রতিষ্ঠানটির ক্রমবর্ধমান উন্নয়নের চিত্র তুলে ধরেন।

\*\*\*\*\*

## **PM POSHAN :**

সরকারি ও সরকারি অনুদান প্রাপ্ত বিদ্যালয়ের প্রথম থেকে অষ্টম শ্রেণির শিক্ষার্থীদের পুষ্টিহীনতা কমানো, স্কুলে উপস্থিতি বাড়ানো এবং শিক্ষাগত উন্নতি ঘটানোর লক্ষ্যে বিদ্যালয়ে গুণগত রান্না করা খাবার সরবরাহ করার লক্ষ্যে চলছে পি এম পোশন প্রকল্পে রান্না প্রতিযোগিতা। গোমতি জেলার উদয়পুরে গতকাল অনুষ্ঠিত হয়েছে প্রধানমন্ত্রী পোশন শক্তি নির্মাণ প্রকল্পের জেলা ভিত্তিক রন্ধন প্রতিযোগিতা।

\*\*\*\*\*

## **Sahitya Academy.**

কেন্দ্রীয় সংস্কৃতি মন্ত্রকের অধীনা সাহিত্য একাডেমীর উদ্যোগে আজ আগরতলার নজরুল কলা ক্ষেত্রের একাডেমির অডিটোরিয়ামে ভারতের পূর্বাঞ্চলের বিভিন্ন ভাষার উপর ভিত্তিমূলক সাহিত্য নিয়ে এক আলোচনাচক্রের

আয়োজন করা হয়েছে। আলোচনাচক্রে বাংলা, মৈথিলী, নেপালি, ওড়িয়া অহমিয়া বোড়ো ও সাঁওতাল ভাষার সাহিত্যিকরা অংশ নেবেন।

\*\*\*\*\*

## মন কি বাত

### Maan Ki Baat :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২৫শে জানুয়ারি, রবিবার সকাল ১১টায় আকাশবাণীর ‘মন-কি-বাত’ অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন। এটি হবে ‘মন-কি-বাত’-এর ১৩০তম পর্ব। প্রধানমন্ত্রী জনগনকে তাদের সূচিন্তিত চিন্তাভাবনা ‘মন-কি-বাত’-এ জানানোর আহ্বান জানিয়েছেন। my gov open forum-এ এবং Narendra Modi App-এ জনগণ তাদের মতামত পাঠাতে পারবেন। এছাড়াও TOLL FREE NO. 1800-11-7800 নম্বরে কল করে হিন্দি বা ইংরেজিতে মতামত রেকর্ড করানো যাবে। ফোনলাইন এমাসের ২৩ তারিখ পর্যন্ত খোলা থাকবে।

\*\*\*\*\*

### Weather .

আজ দুপুর পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে আকাশ সাধারণত পরিষ্কার থাকবে। সকালের দিকে কুয়াশা ছিল। দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ২৭ ডিগ্রির কাছাকাছি। আগরতলায় আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১৩.৪ ডিগ্রি সেলসিয়াস।

\*\*\*\*\*

\*\*\*\*\*